# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**Date 09-03-2026** **Time: 1.40 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য সফররত মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আজ এরাজ্যে স্বীকৃত রাজনৈতিক দলগুলির সঙ্গে দফায় দফায় বৈঠক করেন।

এক অথবা দুদফায় কেন্দ্রীয় বাহিনীর উপস্থিততে ভয়মুক্ত পরিবেশে ভোটের দাবি জানিয়েছে বিজেপি।

বৈঠকে তৃণমূলের প্রতিনিধি দলের সঙ্গে কমিশনের উত্তপ্ত বাক্য বিনিময় হয়েছে বলে অভিযোগ।

মুখ্য নির্বাচন কমিশনার এবং অন্যান্য আধিকারিকরা কালিঘাট মন্দিরে পুজো দিতে গেলে তৃণমূল কংগ্রেস সমর্থকদের আচরণের তীব্র সমালোচনা করেছে বিজেপি।

২) প্রধানমন্ত্রী বলেছেন, গত কয়েক বছরে ভারতের স্বাস্থ্য পরিকাঠামো মজবুত হয়েছে। সবকা সাথ – সবকা বিকাশ, সাধারণ মানুষের আকাঙ্খা পূরণ শীর্ষক, বাজেট পরবর্তী ওয়েবিনারে আজ বক্তব্য রাখেন তিনি।

৩) স্কুল সার্ভিস কমিশনের নবম দশম শ্রেণীর শিক্ষক নিয়োগের জন্য তথ্য যাচাইয়ের কাজ শীঘ্রই শুরু হবে।

৪) ঘূর্ণাবর্ত ও নিম্নচাপ অক্ষরেখার প্রভাবে আজ দক্ষিণবঙ্গে একাধিক জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা। বয়ে যেতে পারে ঝোড়ো হাওয়া।

---

রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে রাজ্য সফররত মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আজ এরাজ্যে স্বীকৃত রাজনৈতিক দলগুলির সঙ্গে দফায় দফায় বৈঠক করেন।

রাজারহাটে আয়োজিত ওই বৈঠকে বিজেপি-র তরফে উপস্থিত ছিলেন জগন্নাথ সরকার, শিশির বাজোরিয়া, তাপস রায় প্রমুখ। পরে সাংবাদিক বৈঠকে বিজেপি জানায়, তাদের তরফে ১৬ দফা দাবি নির্বাচন কমিশনের কাছে পেশ করা হয়েছে। এক বা দু-দফায় রাজ্যে বিধানসভা নির্বাচনের পক্ষে সওয়াল করেছেন বিজেপি নেতৃত্ব।

কেন্দ্রীয় বাহিনীর উপস্থিতিতে ভয়মুক্ত পরিবেশে শান্তিপূর্ণভাবে ভোট করানোর দাবি জানিয়েছেন তারা।

একইসঙ্গে সংকটপ্রবণ এবং অশান্তিপ্রবণ বুথ চিহ্নিতকরণ, প্রত্যেক বুথে ওয়েব ক্যামেরার বন্দোবস্ত, কোথাও ক্যামেরা খারাপ হলে ভোট বন্ধ অথবা পুনর্নির্বাচনের দাবি জানানো হয়েছে।

এদিন বিজেপি-র তরফে অভিযোগ করা হয়, ধর্মতলায় তৃণমূল কংগ্রেসের ধর্ণা মঞ্চ থেকে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে হুমকি দেওয়া হচ্ছে। এর থেকেই প্রমাণিত রাজ্যে সংবিধানের অস্তিত্ব বিপন্ন।

শাসকদল তৃণমূল কংগ্রেসের তরফে মন্ত্রী চন্দ্রীমা ভট্টাচার্য্য, ফিরহাদ হাকিম, রাজ্যসভার প্রার্থী প্রাক্তন ডিজি রাজীব কুমার উপস্থিত ছিলেন। সাংবাদিকদের কাছে

চন্দ্রীমা ভট্টাচার্য্য অভিযোগ করেন, বৈঠকে জ্ঞানেশ কুমারের সঙ্গে তাঁর উত্তপ্ত বাক্য বিনিময় হয়েছে।

(বাইট-চন্দ্রিমা)

সিপিআইএম-এর প্রতিনিধি দলে ছিলেন দলের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম এবং শমীক লাহিড়ী। সিপিআইএম-এর দাবি ৬০ লক্ষ ভোটারকে বিচারাধীন রেখে কোনোভাবেই নির্বাচন সম্ভব নয়। মহম্মদ সেলিম বলেন, ক দফায় ভোট হবে, তা ঠিক করার আগে সাধারণ মানুষের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

(বাইট-মহম্মদ)

কংগ্রেস নেতা আশুতোষ চট্টোপাধ্যায়, প্রদীপ ভট্টাচার্য প্রমুখ বৈঠকে যোগ দেন। ছিলেন আম-আদমি পার্টি , ন্যাশনালিস্ট পিপলস্ পার্টি এন পি পি, ফরওয়ার্ড ব্লকের প্রতিনিধি রা।

প্রতিটি রাজনৈতিক দলের জন্য বরাদ্দ ছিল ১৫ মিনিট করে সময়।

এরপর কমিশনের প্রতিনিধিরা আইন বলবৎকারী সংস্থাগুলির নোডাল অফিসারদের সঙ্গে বৈঠকে যোগ দিয়েছেন। উপস্থিত রয়েছেন রাজ্য পুলিশের IG, বিভিন্ন রেঞ্জের DIG, পুলিশ কমিশনার, জেলা নির্বাচনী আধিকারিক ও পুলিশ সুপাররা। দু-দফায় এই বৈঠক হবে।

আগামীকাল নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ রাজ্যের মুখ্য সচিব, মুখ্য নির্বাচনী আধিকারিক, রাজ্য পুলিশের ডিজি, কেন্দ্রীয় বাহিনীর নোডাল অফিসার সহ প্রশাসনের

বরিষ্ঠ আধিকারিকদের সঙ্গে বৈঠকে করবেন। বুথ লেভেল আধিকারিকদের সঙ্গেও তাঁদের মতবিনিময় করার কথা।

-----------------------

এর আগে আজ সকালে মুখ্য নির্বাচন কমিশনার কালীঘাট মন্দিরে পুজো দিতে যান। সঙ্গে ছিলেন রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, বিশেষ রোল অবজার্ভার সুব্রত গুপ্ত এবং অন্যান্য আধিকারিকরা। মন্দির থেকে বেরনোর সময়, তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা তাঁকে লক্ষ্য করে গো ব্যাক শ্লোগান দেন। দেখানো হয় কালো পতাকাও।

কথা।

-----------------------

মুখ্য নির্বাচন কমিশনার এবং অন্যান্য আধিকারিকরা কালিঘাট মন্দিরে পুজো দিতে গেলে তৃণমূল কংগ্রেস সমর্থকরা যে বিক্ষোভ দেখিয়েছে, বিজেপি তার তীব্র সমালোচনা করেছে। বিজেপি নেতা রাহুল সিনহা আজ এক সাংবাদিক সম্মেলনে বলেছেন, তৃণমূল কংগ্রেসের কাছ থেকে এই আচরণই প্রত্যাশিত। কারণ তারা এরাজ্যে সংস্কৃতিকে ধ্বংস করেছে এবং মিথ্যাচার করাটাই তাদের স্বভাব। মুখ্য নির্বাচনী আধিকারিকের সঙ্গে রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য্যের উত্তপ্ত বাক্য বিনিময় প্রসঙ্গে শ্রী সিনহা বলেন পুরোটাই মিথ্যাচার।

(বাইট-রাহুল)

কথা।

-----------------------

রাজ্য জুড়ে বিজেপি-র পরিবর্তন যাত্রা চলছে। উতত্র ২৪ পরগণায় দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য্য, দলের নেত্রী লকেট চট্টোপাধ্যায় পরিবর্তন যাত্রায় যোগ দিয়েছেন।

কোচবিহারের মেখলিগঞ্জ, মালদার মানিকচক, দক্ষিণ ২৪ পরগনার পাথরপ্রতিমা, হুগলীর তারকেশ্বরেও পরিবর্তন যাত্রায় অংশ নিচ্ছেন দলীয় নেতৃত্ব।

কথা।

-----------------------

প্রধানমন্ত্রী বলেছেন, গত কয়েক বছরে ভারতের স্বাস্থ্য পরিকাঠামো আরও মজবুত হয়েছে। সবকা সাথ – সবকা বিকাশ, সাধারণ মানুষের আকাঙ্খা পূরণ শীর্ষক, বাজেট পরবর্তী ওয়েবিনারে বক্তব্য রাখতে গিয়ে প্রধানমন্ত্রী বলেন, মানুষের আকাঙ্কা পূরণ কেবলমাত্র আলোচনার বিষয়বস্তু নয়, তা বাজেটের মূলভিত্তি ও সরকারের দায়বদ্ধতাকে সূচিত করে। প্রতিষেধক ও সার্বিক স্বাস্থ্যের দিকে নজর রেখে সরকার কাজ করে চলেছে বলে তিনি উল্লেখ করেন।

(বাইট-প্রধানমন্ত্রী)

শ্রী মোদী বলেন, দেশের অনেক জেলায় বহু নতুন মেডিকেল কলেজ তৈরি হচ্ছে। আয়ুষ্মান ভারত প্রকল্প, আরোগ্য মন্দির, স্বাস্থ্য পরিষেবা, দেশের গ্রামগুলিতে ছড়িয়ে দেওয়া হচ্ছে বলে জানিয়ে তিনি বলেন, ভারতের যোগা ও আয়ুর্বেদ সারা বিশ্বে জনপ্রিয়তা অর্জন করছে।

কথা।

-----------------------

স্কুল সার্ভিস কমিশনের নবম ও দশম শ্রেণির শিক্ষক নিয়োগের জন্য তথ্য যাচাইয়ের কাজ শীঘ্রই শুরু করবে স্কুল সার্ভিস কমিশন। ইতমধ্যেই এই কাজ অনেকটাই পিছিয়েছে। তবে মার্চের তৃতীয় সপ্তাহ থেকে নবম দশম শ্রেণির শিক্ষক নিয়োগের জন্য প্রার্থীদের তথ্য যাচাই শুরু হয়ে যাবে বলে স্কুল সার্ভিস কমিশন সূত্রে জানা গেছে।

উল্লেখ্য, শিক্ষাকর্মী নিয়োগের লিখিত পরীক্ষা সম্পন্ন হয়েছে গতকাল। ওই পরীক্ষা সংক্রান্ত বাকি কাজ শেষ করতে আরো কিছুদিন সময় লাগবে। নবম ও দশম শ্রেণীতে শূন্য পদের সংখ্যা ২৩ হাজার ২১২। পরীক্ষায় বসে ছিলেন ২ লক্ষ ৯৩ হাজারের বেশি পরীক্ষার্থী।

----------------------

নদিয়ায় এসএসসি গ্রুপ ডি পরীক্ষায় অসদুপায় অবলম্বনের অভিযোগে গতকাল মোবাইল ফোন–সহ সাতজন যুবককে গ্রেফতার করে শান্তিপুর থানার পুলিশ। ধৃতদের মধ্যে ছয়জনকে আজ রানাঘাট আদালতে তোলা হচ্ছে। পরীক্ষার সময় মোবাইলে তারা প্রশ্নের উত্তর সংগ্রহের চেষ্টা করছিল বলে অভিযোগ।

----------------------

পশ্চিমবঙ্গ বার কাউন্সিলের দু-দিন ব্যাপীর নির্বাচন আজ শুরু হয়েছে। বিকেল পাঁচটা পর্যন্ত তা চলবে। রাজ্যজুড়ে সব আদালতেই চলছে ভোট দান। বার কাউন্সিলের মোট আসন সংখ্যা – ২৫, এর মধ্যে ২৩-টিতে নির্বাচন হচ্ছে। মোট ৭৫ জন প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করছেন। এর মধ্যে বিজেপি-র ২২। তৃণমূল কংগ্রেসের ২৩, বাম মনোনীত প্রার্থী রয়েছেন ১২ জন। ১৮ জন নির্দল প্রার্থী রয়েছেন।

উল্লেখ্য, এর আগে বার কাউন্সিলের ভোটের ফলাফল প্রকাশিত হয়েছিল নির্বাচনের তিন মাস পর। রাজ্যের সব আদালতে একযোগে নির্বাচন হওয়ায় ফলাফল প্রকাশ হতে সময় লাগবে বলে মনে করা হচ্ছে।

----------------------

এসআইয়ারের কাজে বিচারকরা ব্যস্ত থাকায় ২০২৬ সালের প্রথম জাতীয় লোক আদালত স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে কলকাতা হাইকোর্টের লিগাল সার্ভিস কমিটি। চলতি মাসের ১৪ তারিখ প্রথম লোক আদালত বসার কথা ছিল। কিন্তু তা স্থগিত রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।

----------------------

মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জের সেকেন্দ্রা পঞ্চায়েতের খেজুরতলা শ্মশানঘাট সংলগ্ন এলাকা ৪০টি বোমা উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। বাংলাদেশ সীমান্ত লাগোয়া ওই গ্রামে এর বোমাবাজির ঘটনা ঘটায় বাসিন্দাদের মধ্যে আতঙ্ক ছড়িয়েছে।

উল্লেখ্য, গত এক সপ্তাহ ফারাক্কা, সুতি, সামসেরগঞ্জে দফায় দফায় বোমা উদ্ধার হচ্ছে।

----------------------

ভিন্ন রাজ্যে কাজে গিয়ে মুর্শিদাবাদের বেলডাঙার এক পরিযায়ী শ্রমিকের মৃত্যু হয়েছে। চৈতন্যপুর দক্ষিণপাড়ার বাসিন্দা ২৬ বছরের সোহেল শেখ ঝাড়খন্ডের জামশেদপুরে রাজমিস্ত্রির কাজে গিয়েছিলেন। গত শুক্রবার থেকেই তার খোঁজ মিলছিলনা। এরপর শনিবার তার ঝুলন্ত দেহ উদ্ধার হয়। তার দেহ আজ গ্রামের বাড়িতে ফিরছে।

-----------------------

পূর্ব বর্ধমানের ভাতারের ভাটাকুল গ্রামে আবাস যোজনার ঘর না পাওয়ায় গতকাল তৃণমূল কংগ্রেসের কার্যালয়ে, ভাতারের বলগোনা পঞ্চায়েতের উপপ্রধান, পঞ্চায়েত সদস্য ও দলীয় নেতৃত্বের বিরুদ্ধে বিক্ষোভে সামিল হন কয়েকজন গ্রামবাসী। সরকারি আবাস যোজনার যে তালিকা বেরিয়েছে তাতে স্বজনপোষণ হয়েছে বলে বিক্ষোভকারীদের দাবি। পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

-----------------------

নিম্নচাপ অক্ষরেখা ও ঘূর্ণাবর্তের প্রভাবে আজ দক্ষিণবঙ্গের দক্ষিণের জেলাগুলোতে ঝোড়ো হাওয়া এবং বজ্রবিদ্যুৎসহ বিক্ষিপ্তভাবে বৃষ্টির সম্ভাবনা রয়েছে। পশ্চিমী ঝঞ্ঝার কারণে উত্তরবঙ্গেও দমকা বাতাসের সঙ্গে বৃষ্টির পূর্বাভাস রয়েছে । উত্তরবঙ্গে তাপমাত্রার বিশেষ পরিবর্তন না হলেও দক্ষিণবঙ্গে আগামী বুধবার থেকে তাপমাত্রা আবারো বৃদ্ধি পাবে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২৪ ডিগ্রী সেলসিয়াস স্বাভাবিকের থেকে ২ দশমিক ৩ ডিগ্রি বেশি।

---------------------------------- ----------------------------------